Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

৪৩শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৬ই জ্যৈষ্ঠ বুধবার ১৩৬৩ ইংরাজী 30th May. 1956 | ৩য় সংখ্যা

**জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী**

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৶৹ আনা, এক মাসের জন্য প্রাত লাইন প্রতি বার ।৹ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা

নগদ মূল্য ৵৹ এক আনা।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

হাতে কাটা

**বিশুদ্ধ পৈতা**

পণ্ডিত-প্রেসে পাইবেন।

**চক্রবর্ত্তী সাইকেল ষ্টোর**

সাইকেল, টায়ার, টিউব, হ্যাসাগ, গ্রামোফোন প্রভৃতি পার্টস্ বিক্রেতা ও মেরামতকারক। নির্দ্ধারিত সময়ে সাইকেল সরবরাহ করা হয়।

রঘুনাথগঞ্জ মেছুয়াবাজার (কদমতলা)




ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

দূরের মানুষ কাছে হয়
ফটো যদি সঙ্গে রয়

রঘুনাথগঞ্জ কাপড়ে পটীতে শ্রীঅরুণ ব্যানার্জ্জীর ষ্টুডিওতে অনুসন্ধান করুন।

স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

**হ্যানিম্যান হল**

**মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম হোমিও প্রতিষ্ঠান**

এখানে দি মডার্ণ হোমিও রিসার্চ ইনষ্টিটিউট কোম্পানী কর্ত্তৃক আবিষ্কৃত যাবতীয় হোমিও ইন্‌জেকশান এবং পেটেন্ট ঔষধ কোম্পানীর দরে বিক্রয় হয়। ব্যবহারে ফল সুনিশ্চিত। এই মাত্র বাহির হইল ডাঃ সতীশচন্দ্র সরকার মহাশয় কৃত হোমিও ও বাইওকেমিক মতে **"বসন্ত চিকিৎসা"** মূল্য মাত্র আট আনা।

**হ্যানিম্যান হল**

খাগড়া মুর্শিদাবাদ।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

১৬ই জ্যৈষ্ঠ বুধবার সন ১৩৬৩ সাল।

# পীরগঞ্জের পীরসাহেবের সিন্নি

—•—

রঙ্গপুর জেলায় পীরগঞ্জ নামে একটি থানা আছে। পীরগঞ্জে জনৈক হিন্দু অধিবাসী ভারতে চলিয়া আসিবার জন্য মাইগ্রেসন সার্টিফিকেট লইয়া যথা সর্ব্বস্ব বিক্রয় করিয়া টাকা সংগ্রহ করিয়া বাড়ীতে রাখেন। পরদিন সপরিবারে বাসত্যাগ করিয়া ভারতে চলিয়া আসিবেন। পীরগঞ্জ থানার বড় দারোগা, ছোট দারোগা, জমাদার ও কয়েক জন রাইফেলধারী কনেষ্টবল সেই হিন্দু গৃহস্থের বাড়ীতে রাত্রিকালে ডাকাতি করিবার উদ্দেশে আসিয়া দরজা খুলিবার জন্য গৃহস্থকে আদেশ করে। গৃহস্থ কোন মতে দ্বার না খোলায় তাহারা দরজা ভাঙিয়া বাড়ীতে প্রবেশ করে। মালিককে টাকা কোথায় জিজ্ঞাসা করায় তিনি তাহাদের উপর তলায় লইয়া যান। রাইফেলধারী কনষ্টেবলগুলি নীচে অপেক্ষা করিতে থাকে। মালিকের পুত্রবধূ কনষ্টেবলদের শুনাইয়া বলেন—ওঁরা উপরে গেলেন কেন, টাকা তো নীচের ঘরেই আছে। কনষ্টেবলেরা তাহার কথা মত নীচের ঘরে টাকা লইবার জন্য যে যাহার পকেটে টাকা নোট পুরিতে ব্যস্ত হইল। যখন তাহারা অন্যমনস্ক হইয়া টাকা লইতেছে, বউটি তাহাদের ১টি রাইফেল লইয়া তাহাদের অগোচরে বাড়ীর বাহিরে গিয়া নিকটস্থ এক পুকুরে রাইফেলটি ফেলিয়া দিয়া নিকটস্থ প্রতিবেশীর বাড়ীতে গিয়া তাহাদের বিপদের কথা বলায়, লোকজন সব তাদের বাড়ীতে আসিয়া দেখে পুলিশ-ডাকাতগণ উধাও হইয়াছে। থানায় কাহাকেও না দেখিয়া প্রতিবেশীর ...জে রংপুর সদরে গিয়া শরিয়তী শান্তিরক্ষক-...ই পাক কর্ম্মের সংবাদ পুলিশ সুপারিণ্টেণ্ডেণ্ট এর নিকট জানাইল। পুলিশ সাহেব প্রথমতঃ তাঁহাদের কথায় বিশ্বাস করিতে পারেন নাই। কারণ ব্যাপারটি আজকালকার কালেও অসম্ভব বলিয়া মনে হয়। পরিশেষে পুলিশ সাহেব জেলা ম্যাজিষ্ট্রেটকে ফোনযোগে ঘটনার কথা জানাইয়া পীরগঞ্জে আসিয়া উপস্থিত হইয়া ঘটনা স্থল তদন্ত করেন। বউটির নিকট রাইফেলের কথা শুনিয়া থানায় গিয়া সেখানে যতগুলি রাইফেল ছিল গণনা করিয়া দেখিলেন একটি কম হইল, তখন থানার সব পাক দারোগা, পাক কনষ্টেবল সহ ঘটনা স্থলে আসিয়া সবকে পুকুরে নামাইয়া রাইফেলটি উদ্ধার করিয়া পীরগঞ্জ থানার সমস্ত পীর সাহেবের দলকে গ্রেপ্তার করিয়া রংপুর লইয়া গেলেন। ব্যাপারটি পাকস্থানের পাক কর্ম্মে অভ্যস্ত পুলিশের নিত্যকর্ম্ম হইলেও হিন্দু কুলবধূ ও থানার বড় দারোগার মধ্যে বুদ্ধির প্রতিযোগিতা এক অভিনব ব্যাপার। সংবাদ-পত্রে যাহা প্রকাশিত হইয়াছে, তাহাতে প্রমাণের অভাব নাই। এখন ভরসা শরীয়তী রাজ্যের সুবিচার।

হিন্দু কুলবধূ ও মুসলমান জাঁদরেল পুলিশের বুদ্ধির তারতম্য করিয়া দেখিলে সুবিচারকের হাতে বধূটির বিশেষভাবে পুরস্কৃত হওয়ার কথা। কারণ তার বুদ্ধিতেই এতগুলি সোনার চাঁদ শান্তি ও শৃঙ্খলা রক্ষার ভারপ্রাপ্ত পুলিশের অপরাধ ধরা পড়িল। এখন আল্লা মালিক। এখন পীরগঞ্জের পীড়নকারী পীরের দলের কি সিন্নির ব্যবস্থা হয় তাহা দেখিবার জন্য ও শুনিবার জন্য সারা দেশ আগ্রহান্বিত।

---

## "পুত্রাদিচ্ছেৎ পরাজয়ম্"

### কম্যুনিষ্ট প্রার্থীর জয়লাভ

উত্তর বেগুসরাই নির্বাচন কেন্দ্রের উপনির্বাচনে শ্রীচন্দ্রশেখরপ্রসাদ সিং (কম্যুনিষ্ট) কংগ্রেস প্রার্থী শ্রীকপিলদেওনারায়ণ সিংকে ৩,১৮৯ ভোটে পরাজিত করিয়া বিহার বিধান সভার সদস্য নির্বাচিত হইয়াছেন।

শ্রীচন্দ্রশেখর সিং বিহার বিধান সভায় প্রথম কম্যুনিষ্ট সদস্য নির্বাচিত হইলেন। তিনি সেচমন্ত্রী শ্রীরামচরিত্র সিংহের পুত্র।

---

## রাজ্য পুনর্গঠন ও ভাষার প্রশ্ন

### কংগ্রেস ওয়াকিং কমিটী কর্ত্তৃক প্রস্তাব রচনার সংবাদ

ভাষাগত সংখ্যালঘুদের রক্ষাকবচ সম্পর্কে রাজ্য পুনর্গঠন কমিশনের সুপারিশ কার্য্যকরী করার প্রয়োজনের উপর বিশেষ জোর দিয়া একটি প্রস্তাব বোম্বাই-এ নিখিল ভারত রাষ্ট্রীয় সমিতির আগামী অধিবেশনের পূর্ব্বে কংগ্রেস ওয়ার্কিং কমিটিতে পেশ করা হইবে বলিয়া আশা করা যায়।

দিল্লীতে অবস্থানকারী ওয়াকিং কমিটির সদস্যদের ঘরোয়া সভায় বিষয়টি আলোচিত হইয়াছে বলিয়া প্রকাশ। রাষ্ট্রীয় সমিতির জন্য খসড়া প্রস্তাব বিবেচনা করিতে এই সভা আহূত হইয়াছে।

প্রকাশ যে, রাজ্য পুনর্গঠনের ব্যাপারে রাজ্য পুনর্গঠন কমিশন ভাষাগত রক্ষাকবচের যে সুপারিশ করিয়াছেন তাহার উপর যথেষ্ট গুরুত্ব আরোপ করা হয় নাই বলিয়া হাই কম্যাণ্ডের ধারণা। এই বিষয়টি যথাযথভাবে বিবেচিত হইলে সীমান্ত সম্পর্কিত আন্দোলন অনেক পরিমাণে এড়ান যাইত বলিয়া হাই কম্যাণ্ড মনে করেন। সুতরাং এই বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করিয়া রাষ্ট্রীয় সমিতির বিবেচনার জন্য একটি খসড়া প্রস্তাব রচনা করা হইতেছে।

---

(প্রাপ্ত)

## একটি ক্ষুদ্র আবেদন

'মরণীকে' আপনারা অনেকেই জানেন। কিছু-দিন হইতে সে ক্ষয়রোগে ভুগিতেছে। বর্ত্তমানে পথ্য, চিকিৎসা এবং সেবা-শুশ্রূষার অভাবে সে দুর্দশার চরম সীমায় উপনীত। তাহার কুঁড়েঘরের নিকটে 'জংলারা' বাস করে। তাহারাই উহার দেখাশুনা করে। কিন্তু তাহারাও খুব গরীব। আমি সংবাদ-পত্রের মাধ্যমে সহৃদয় ব্যক্তিগণের, গবর্ণমেণ্টের এবং পৌর প্রতিষ্ঠানের কর্ত্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করি—তাঁহারা যেন স্বতঃপ্রবৃত্ত হইয়া আগাইয়া আসিয়া মানবতার খাতিরে এই ক্লিষ্ট মানবকে চরম দুর্দশা হইতে রক্ষা করেন।

শ্রী............ ...

---

# ভোটেশ্বরীর পূজা



পূজারিণী—ঠাকুর মশাই, বর্ত্তমানে সব দেব দেবীর চেয়ে জ্যান্ত দেবতা মা—ভোটেশ্বরী। যার উপরে মায়ের দয়া হয় তার ভোট বেড়ে গিয়ে যা চাইবে তাই মিলে। আমি ভেবেছিলাম—বাপের বাড়ীর সব সম্পত্তি দাদারা পাবে। আমি বিয়ের সময় যা পেয়েছি তাই। কিন্তু দিল্লীর সভায় আইন হলো আমিও দাদাদের এক ভাই। ঠাকুর মশাই, ভোট যাদের বেশী তারা রাতকে দিন, দিনকে রাত করতে পারে।

হিন্দুস্থানী পুরোহিত—মায়িজী, ভোটেশ্বরী কী আরাধনামে বহুৎ ফয়দা হোবে করব্

ভোটকী ফল-শ্রুতি শুন্ লিজীয়ে

ভোটমে গুংগী হোতা হ্যায় গাইয়া—
বহিরা পাতা হ্যায় কান।
লেঙড়া যাতা হ্যায় কুদ্ ফাঁদকে
হো জায় পালোয়ান।
জাস্তি ভোট মিল জানেসে
বুড্ঢা হোয় জোয়ান।
অন্ধেকো আঁখ মিলে ঔর
বন্ধেকো সন্তান।

পূজারিণী—ঠাকুর মশাই, বাপের তিন বেটা আর আমি এক বেটী, দিল্লীর ভোটের জোরে আমিও বেটা হলাম। ঠাকুর বাবা এমনভাবে ভোটেশ্বরীর পূজা করবেন যাতে দিল্লীর ভোটেশ্বরীর কৃপায় আমাদের পেটে ছেলে বহা আর প্রসব বেদনা একবার আমাদের ছেড়ে পুরুষদের বরাতে জোটে।

---

## রিক্সাওয়ালার সততা

বীরভূম-বার্ত্তায় প্রকাশ—সম্প্রতি জনৈক দরিদ্র রিক্সাওয়ালার সততার এক বিস্ময়কর সংবাদ পাওয়া গিয়াছে। জানা গিয়াছে যে, শ্রীগোপাল বীরবংশী ওরফে হাবল নামক জনৈক রিক্সাওয়ালা মহম্মদবাজার থানার ভারপ্রাপ্ত কর্ম্মচারী শ্রীসুধীরকুমার মুখার্জির একটি দামী হাতঘাড় কাছারী প্রাঙ্গণে কুড়াইয়া পায় এবং সে তৎক্ষণাৎ তাহা থানায় জমা দেয়। তাহাকে দারোগাবাবু এইজন্য ১৫৲ টাকা পুরস্কার দিয়াছেন। তাঁহার এই সততা এইদিনে দুর্লভ বলিলেও অত্যুক্তি হইবে না।

---

## পরলোকে তারানাথ রায়


বাঙ্গালার বিপ্লব জীবনের অন্যতম নীরব কর্ম্মী, প্রথিতযশা সাংবাদিক ও সাহিত্যিক বসুমতী সাহিত্য মন্দিরের কর্ম্মাধ্যক্ষ তারানাথ রায় মহাশয় গত ৯ই জ্যৈষ্ঠ বুধবার বৈকালে ৫৭ বৎসর বয়সে নীলরতন হাসপাতালে পরলোকগমন করেন। তাঁহার ন্যায় নির্ভীক, সদালাপী, বন্ধুবৎসল, অমায়িক ও একনিষ্ঠ কর্ম্মী আজকাল বিরল। তিনি নেতাজী সুভাষচন্দ্র বসু, বিপিনবিহারী গাঙ্গুলী, শরৎচন্দ্র বসু, উপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় প্রমুখ বরেণ্য বিপ্লবী নেতৃবর্গের সহকর্ম্মী ছিলেন। তিনি মৃত্যুকালে স্ত্রী, এক পুত্র, এক কন্যা তিন ভ্রাতা ও বহু আত্মীয় স্বজন রাখিয়া গিয়াছেন। আমরা তাঁহার শোক-সন্তপ্ত পরিবারবর্গের শোকে সমবেদনা প্রকাশ করিয়া পরলোকগত আত্মার শান্তি কামনা করিতেছি।

---

## TENDER NOTICE.

Sealed tender is invited for construction of a room on the first floor of the office building with a stair and a sanitary latrine cum urinal at an estimated cost of Rs. 6,400/-. Tender will be accepted upto 1 P.M. of 2. 6. 56. (Saturday) and the same would be opened on the same date at 2 P.M. in presenee of such tenderers as will be present. All tenders must accompany a receipt of Rs. 50/- (Fifty only) showing deposit of earnest money for the work. No tender form will be sold on the date of submission of the tenders specifications as to plan and estimate are obtainable in the office during office hours (excepting holidays). The undersigned does not bind himself to accept the lowest tender.

Sd/- M. P. Chatterjee,
Chairman, Jangipur Municipality.
29. 5. 56.





## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্ট ইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৪১১

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১॥০ টাকা ও মাশুলাদি ১৵০ এক টাকা তিন আনা।

সোল এজেণ্ট :—ডাঃ ডি, ডি, হাজরা

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

## অরবিন্দ এণ্ড কোং

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পাণ্ডত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত